

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৬

জিরানীয়া, ২১ জুন, ২০২৪

খার্চ উৎসব ও মেলা : প্রস্তুতি সভা
১৪ জুলাই রাজ্যের ঐতিহ্যবাহী খার্চ উৎসবের সূচণা

আগামী ১৪ জুলাই থেকে শুরু হচ্ছে রাজ্যের ঐতিহ্যবাহী খার্চ উৎসব ও মেলা। ৭ দিনব্যাপী এই মেলা জাতি জনজাতির মানুষের অংশগ্রহণে এক সর্বজনীন রূপ পায়। খয়েরপুরস্থিত চতুর্দশদেবতা মন্দির প্রাঙ্গনে এই উৎসব ও মেলা আয়োজন উপলক্ষে গতকাল সন্ধ্যায় পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্ৰবৰ্তী। তিনি ৭ দিনব্যাপী এই মেলা সফল ভাবে আয়োজনে সহায়তা করার জন্য সকলকে এগিয়ে আসার জন্য আহ্বান জানান। সভায় জেলাশাসক ও সমাহৃতা ড. বিশাল কুমার খার্চ উৎসব ও মেলা আয়োজনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সভায় জেলাশাসক উৎসব ও মেলা সফল ভাবে সম্পন্ন করতে দুট পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তরগুলিকে পরামর্শ দেন। মন্দিরে আসা যাওয়া রাস্তা সংস্কার, রাস্তায় বিদ্যুতের ব্যবস্থা, মন্দির ও মেলার প্রাঙ্গনে পর্যাপ্ত আলোর ব্যবস্থা, পুণ্যার্থীদের জন্য পানীয়জল, গাড়ির পার্কিং ব্যবস্থা রাখা, স্টল বন্টন, স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা, ট্রাফিক নিয়ন্ত্রণ ইত্যাদি বিষয়ে বিস্তৃত আলোচনা করা হয়। সভায় প্রতি বছরের ন্যায় এবছরও বিভিন্ন সরকারি প্রদর্শনী স্টল খোলা হবে বলে সিদ্ধান্ত হয়। মেলা চলাকালীন সময়ে প্রতিদিন তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে রাজ্যের বিভিন্ন প্রান্তের শিল্পীগণ অংশগ্রহণ করবেন। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধীপতি হরিদুলাল আচার্য। পুরাতন আগরতলা পথগায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শান্তি রঞ্জন চাকমা, পুরাতন আগরতলা ইউনিয়ন পরিষদের প্রান্তীয় সভাপতি সাহা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
